

ইত্তেফাক

তারিখ ৩  
পৃষ্ঠা ৩  
ফসাল .. ৪

ME 05 2012

## শেখ বোরহানউদ্দিন কলেজে ব্যাপক দুর্নীতি ও অনিয়মের অভিযোগ

ইত্তেফাক রিপোর্ট ॥ শেখ বোরহান উদ্দিন পোস্ট গ্র্যাজুয়েট কলেজে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উঠেছে। অনিয়মের জন্য কলেজের প্রিন্সিপাল প্রফেসর কাজী ফারুক আহমেদকে দায়ী করে এর প্রতিকারের জন্য প্রধানমন্ত্রীর দফতরে (১৪শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

### শেখ বোরহানউদ্দিন কলেজ

(৩য় পৃঃ পর)

একটি আবেদনপত্র জমা দেয়া হয়েছে। আবেদনপত্রে উল্লেখ করা হয়েছে; সম্পূর্ণ অবৈধ ও বেআইনীভাবে কাজী ফারুক আহমেদ ১৯৯৩ সালে বোরহান উদ্দিন কলেজের অধ্যক্ষ পদ গ্রহণ করেন। সীমাহীন দুর্নীতি ও অর্থ আত্মসাতের বিভিন্ন কাহিনী প্রকাশ হয়ে যেতে পারে, তাই তিনি দীর্ঘ ৭ বছর স্টাফ কাউন্সিল ও পরিচালনা পরিষদ অচল রেখেছিলেন। কলেজে যোগদানের পর কলেজের টাকায় তিনি গাড়ী কেনেন। ছেলের বিয়ের সময় বলপূর্বক শিক্ষকদের কাছ থেকে চাঁদা তুলেছেন। বেআইনীভাবে তিনজন শিক্ষককে উপাধ্যক্ষ পদে নিয়োগ করেন। ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের নামে ভূয়া বিল ডিউচার জমা দিয়ে ১০ লক্ষ টাকা আত্মসাৎ করেন। এছাড়াও আবেদনপত্রে বিভিন্ন বিভাগে কর্মরত খতকালীন ও জরুরীভাবে নিয়োগকৃত শিক্ষকদের নামে সম্পূর্ণ অবৈধভাবে কয়েকলক্ষ টাকার বিল পরিচালনা পরিষদ কর্তৃক অনুমোদন করিয়ে নেয়া ও ছাত্র-ছাত্রী ভর্তির পর বিভিন্ন অজুহাতে জোরপূর্বক চাঁদা আদায়েরও অভিযোগ করা হয়েছে।